



সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা

পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি/ ৫ শরৎ ঘোষ ষ্ট্রিট, কলকাতা ১৪

২০ শে জানুয়ারি ২০১৫

২৩শে জানুয়ারি 'দেশপ্রম দিবস' পালন করুন

সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা (এ আই পি এস ও)'র পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি আগামী ২৩শে জানুয়ারি ২০১৫ নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মদিবসকে 'দেশপ্রম দিবস' হিসেবে পালনের জন্য দলমত নির্বিশেষে রাজ্যের সর্বস্তরের মানুষের কাছে আবেদন জানাচ্ছে।

এ আই পি এস ও, পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির দাবি, কেন্দ্রীয় সরকার ২৩শে জানুয়ারি দিনটিকে 'দেশপ্রম দিবস' হিসেবে ঘোষণা করুক এবং উপযুক্ত মর্যাদায় দেশজুড়ে তা পালনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করুক।

ভারতের স্বাধীনতা সংগ্রামের এই মহান যোদ্ধার জীবন ও কর্মকান্ড নিয়ে চর্চা বিশেষত আজকের এই কঠিন সময়ে আরও জরুরী। দেশের সাম্রাজ্যবাদবিরোধী মুক্তি সংগ্রামে তাঁর অসামান্য অবদান আজকের বিশ্বায়ন পর্বেও সাম্রাজ্যবাদবিরোধী সংগ্রামের কাছে অনুপ্রেরণাস্বরূপ।

রাজ্য সম্পাদকমন্ডলী

সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা

পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি